# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ,ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২,খাগডহর বাজার,ময়মনসিংহ।

ফোন ঃ ০২৯৯৭৭১০৪৫০,০২৯৯৬৬৬৩৩৩ E-mail :chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd


স্মারক নংঃ ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/১১৩

তারিখঃ ১৬/০৯/২০২৫ খ্রি.

**বিষয়: এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র প্রণেতা [সেটার] ও পরিশোধনকারী [মডারেটর] তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বিষয়ভিত্তিক শিক্ষকবৃন্দের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি পরীক্ষার **সেটার ও মডারেটর** তৈরির লক্ষ্যে বিষয়ভিত্তিক শিক্ষকগণকে প্রশিক্ষণ প্রধানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির তত্ত্বাবধানে বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা - প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালনা করবে। প্রশিক্ষণের বিষয়সমূহ হচ্ছে- ১. বাংলা ১ম পত্র ২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ০৩. পদার্থবিজ্ঞান ০৪. হিসাববিজ্ঞান ৫. যুক্তিবিদ্যা ০৬. ভূগোল ০৭. রসায়ন ০৮. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ০৯. ইতিহাস ১০. উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১১. অর্থনীতি ১২. পৌরনীতি ও সুশাসন ১৩. উদ্ভিদবিজ্ঞান ১৪. প্রাণিবিজ্ঞান ১৫. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১৬. মনোবিজ্ঞান ১৭. কৃষিশিক্ষা ১৮. পরিসংখ্যান ১৯. উচ্চতর গণিত ২০. ইসলাম শিক্ষা ২১. গার্হস্থ্য বিজ্ঞান ২২. লঘু সংগীত ২৩. ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা ২৪. সমাজবিজ্ঞান ২৫. সমাজকর্ম ।

**প্রশিক্ষণের জন্য শিক্ষক মনোনয়নের ক্ষেত্রে নিচের মানদণ্ডসমূহ বিবেচনা করতে হবে :**

১. কমপক্ষে দুইটি ১ম বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ/ সিজিপিএ (অগ্রাধিকার পাবে)
২. সংশ্লিষ্ট বিষয়ে উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা এবং বয়স ৪৫ বছরের উর্ধ্বে নয়।
৩. কলেজের অভ্যন্তরীণ পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের অভিজ্ঞতা।
৪. ১২ দিনের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের উপর প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণকে মনোনয়ন দেয়া যাবে না।

উল্লিখিত মানদন্ডের ভিত্তিতে প্রতি পত্রের জন্য ০১ জন করে শিক্ষক নির্বাচন করে আগামী **৩০/০৯/২০২৫** খ্রি. তারিখে প্রশিক্ষণার্থীগণের নামের তালিকা **পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ময়মনসিংহ এই ঠিকানায়- ডাক যোগে এবং** **depconhsbise@gmail.com** এ নিম্নের ছক অনুসরণ করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রম | নাম ও পদবী মোবাইল নং ও ইমেইল | বিষয় | প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|
| | | | |

**মনোনিত শিক্ষকবৃন্দের প্রশিক্ষণে অংশগ্রহণ বাধ্যতামূলক।**

**বিষয়টি অতীব জরুরি**

১৬/০৯/২৫

(প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ
ফোনঃ ০২-৯৯৭৭১০৪৪২
Email : conbisemym@gmail.com

প্রাপকঃ
অধ্যক্ষ
ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের
সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অনুলিপি:
১। আঞ্চলিক পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল
২। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ময়মনসিংহ।
৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ ;
৫। বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ;
৬। অফিস কপি।

২১/০৯/২৫